

গুণ্ৰজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
srimongoluo@cga.gov.bd

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

সভাপতি: জনাব রাজু বিশ্বাস

সভার তারিখ: ১৯/১২/২০২৩ খ্রিঃ


সভার সময়: বিকাল ২.০০ ঘটিকা

স্থান: উপজেলা পরিষদ মিলনায়তন।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি জানান যে মন্ত্রি পরিষদ বিভাগ কর্তৃক ইতোমধ্যে আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রনয়ণ, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা মোতাবেক অংশীজনদের অংশগ্রহণে ত্রৈমাসিক সভার আয়োজন করার নির্দেশনা রয়েছে। তৎপ্রেক্ষিতে কমিটির সভাপতি বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য সূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১. বাজেট বাস্তবায়ন ও ব্যবস্থাপনা সংক্রান্ত।	বিভিন্ন দপ্তরের ডিডিওগণকে (Annual Procurement Plan) অনুযায়ী ব্যয় বাস্তবায়ন নিশ্চিতকরণ প্রসঙ্গে আলোচনা করা হয়।	বিভিন্ন দপ্তরের ডিডিওগণ আনুসঙ্গিক সরবরাহ ও সেবা এবং অন্যান্য খাতের বিল বরাদ্দকৃত বাজেটের ব্যয় পরিকল্পনা (Annual Procurement Plan) অনুযায়ী বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউএও
০২. iBAS++ এ TA/DA বিল সাবমিশন সংক্রান্ত।	iBAS++ সিস্টেমের মাধ্যমে এই কার্যালয়ের আওতাধীন সকল কর্মকর্তা/কর্মচারীদের TA/DA বিল সাবমিশন সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়।	iBAS++ সিস্টেমে মাধ্যমে কর্মকর্তা/কর্মচারীদের TA/DA বিল অনলাইন এন্ট্রি পূর্বক TA/DA বিলের অনুমোদিত হার্ডকপি এই কার্যালয়ে প্রেরণ করতে হবে এবং প্রয়োজনে সংশ্লিষ্ট অডিটরের সাথে যোগাযোগ করে সহযোগিতা নেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউএও
০৩. বিল দাখিল করণ সংক্রান্ত।	সকল দপ্তরের ডিডিও গণকে তাঁদের আনুসঙ্গিক সরবরাহ ও সেবা এবং অন্যান্য খাতের বিল এই কার্যালয়ে দাখিল করণের সময় বিলের যথাযথ স্থানে আয়ন-ব্যয়ন কর্মকর্তার স্বাক্ষর সহ রেভিনিউ স্ট্যাম্প সংযুক্ত করার বিষয়ে আলোচনা করা হয়।	সকল দপ্তরের ডিডিও গণকে তাঁদের আনুসঙ্গিক সরবরাহ ও সেবা এবং অন্যান্য খাতের বিল দাখিল করণের সময় বিলের যথাযথ স্থানে আয়ন-ব্যয়ন কর্মকর্তার স্বাক্ষর সহ রেভিনিউ স্ট্যাম্প সংযুক্ত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউএও
০৪. ভ্যাট ও আইটি কর্তন সম্পর্কে।	এই কার্যালয়ের আওতাধীন সকল দপ্তরের ডিডিও গণকে বিল দাখিলের পূর্বে সরকার কর্তৃক নির্ধারিত হারে বিল হতে ভ্যাট ও আইটি কর্তন সম্পর্কে আলোচনা করা হয়।	এই কার্যালয়ের আওতাধীন সকল দপ্তরের ডিডিও গণকে বিল দাখিলের পূর্বে সরকার কর্তৃক নির্ধারিত হারে বিল হতে ভ্যাট ও আইটি কর্তন সম্পর্কে সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউএও
০৫. iBAS++ এর বিভিন্ন সমস্যা সংক্রান্ত আলোচনা।	বিভিন্ন দপ্তরের ডিডিও গণের সাথে iBAS++ এর বিভিন্ন সমস্যার সমাধান সম্পর্কে আলোচনা করা হয়।	বিভিন্ন দপ্তরের কর্মকর্তা/কর্মচারীর যে কোন ধরনের ছুটি iBAS++ সিস্টেম এর মাধ্যমে এন্ট্রি পূর্বক ম্যানুয়ালি বিল এই কার্যালয়ে দাখিল করে থাকেন কিন্তু বর্তমানে পরিলক্ষিত হচ্ছে যে বিভিন্ন দপ্তর তাঁদের শ্রান্তি বিনোদন ছুটি iBAS++ সিস্টেম এর মাধ্যমে এন্ট্রি করতে পারছেন না, সেক্ষেত্রে সংশ্লিষ্ট অডিটরের সাথে যোগাযোগ করে iBAS++ সিস্টেম এর মাধ্যমে শ্রান্তি বিনোদন ছুটি এন্ট্রি পূর্বক ম্যানুয়ালি বিল দাখিল করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউএও

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা প্রনয়ণ, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩-২৪ এর নির্দেশনা আন্তরিকভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(রাজু বিশ্বাস)

উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

তারিখ: ২০/১২/২০২৩ খ্রিঃ


(রাজু বিশ্বাস)

উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা

স্মারক নং-০৭.০৩.৫৮৮৩.১০০.০৮.০২১.২১. ৩২৫(২)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস সিলেট

ডিসিএ কার্যালয়, সিলেট।

০২। অফিস কপি।